সংবাদ

তারিখ ... ২০০০

পৃঃ ১৩ কলাম ৩

# জগন্নাথে ২ শিবির ক্যাডারকে গণধোলাই দিয়েছে ছাত্রলীগ কর্মীরা

নিজস্ব বার্তা পরিবেশক

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে মামুন ও সিদ্দিক নামে ২ ছাত্র শিবির ক্যাডারকে গনধোলাই দিয়েছে ছাত্রলীগ কর্মীরা। গত বুধবার দুপুরে ক্যাম্পাসে শিবিরের প্রচারপত্র বিলি করার সময় ছাত্রলীগ কর্মীরা তাদের গনধোলাই দেয়। এ সময় আরও ৫/৬ জন শিবির ক্যাডার ক্যাম্পাসের পেছনের গেট দিয়ে পালিয়ে যায়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, দুপুরে বন্ধ ক্যাম্পাসে ছাত্র শিবিরের ওই দুই ক্যাডার বিভিন্ন বিভাগে গিয়ে বিশ্ববিদ্যালয়ের জামায়াতপন্থি শিক্ষকদের কাছে তাদের বিভিন্ন প্রচারপত্র বিলি করে। বিষয়টি উপস্থিত ছাত্রলীগ নেতাকর্মীদের নজরে আসে। দুপুর দেড়টার দিকে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ নেতা ওমর ফারুক, আইয়ুব, সৈকত বিন আকবরসহ ১০/১২ জন নেতাকর্মী ওই ক্যাডারদের ক্যাম্পাসে শিবিরের কোন প্রচারপত্র বিলি করা যাবে না বলে তাদের বের করে দেয়। পরে শিবিরের ওই দুই ক্যাডারসহ আরও ৬/৭ জন শিবির ক্যাডার ফের ক্যাম্পাসে এসে তাদের প্রচারপত্র বিলির চেষ্টা চালায়। এ সময় শহীদ মিনারের সামনে ছাত্রলীগের নেতাকর্মীরা মামুন ও সিদ্দিককে গণধোলাই দেয়। বিশ্ববিদ্যালয়ের দক্ষিণ গেট দিয়ে অন্য ক্যাডাররা পালিয়ে যায়। খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর গণধোলাই খাওয়া ওই দুই ক্যাডারকে উদ্ধার করে তার অফিসে নিয়ে যান। পরিস্থিতি শান্ত হলে তাদের ক্যাম্পাস থেকে বের করে দেয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কাজী আসাদুজ্জামান সংবাদকে জানান, শিক্ষাঙ্গন নামে একটি পত্রিকা বিলিকে কেন্দ্র করে দুই গ্রুপ ছাত্রের